গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর দপ্তর
কিশোরগঞ্জ, নীলফামারী।
www.lged.kishoreganj.nilphamari.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ০৫.৪৭.৭৩৪৫.০৩৯.০০৩.২৭.১৯-৬৪৭ তারিখ : ০৪/০৯/২০২২ খ্রিঃ

**নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২২-২৩**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ উপজেলাধীন উপজেলা নির্বাহী অফিসারের পরিত্যক্ত বাসভবনটি নিলামে বিক্রয়ের নিমিত্তে আরোপিত শর্ত সাপেক্ষে আগ্রহী নিলাম ডাককারীগনের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্নিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ, নীলফামারী এবং নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে আগামী ০৫-০৯-২০২২ খ্রিঃ তারিখ হতে নিম্নবর্নিত নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) শর্তাবলীসহ দরপত্র সিডিউল/দরপত্র দলিল সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ, নীলফামারী এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহন করা হবে এবং দরপত্র দাখিলের দিন বিকাল ২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ প্রশাসনিক হলরুমে দরপত্র দাতাগনের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন ) দরপত্র বাক্স খোলা হবে। সর্বোচ্চ দরদাতার অনুকূলে নিম্নবর্নিত শর্ত পূরণ সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে। সরকারি নিলাম/কাংখিত মূল্যের নিম্নে কিংবা নীতিমালা মোতাবেক কাংখিত দর না পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে দরপত্র বিক্রি ও গ্রহন অব্যাহত থাকবে। যে পর্যায়ে কাংখিত দরে দরপত্র গৃহীত হবে সংশ্লিষ্ট কাজের পরবর্তী ধাপ স্বয়ংক্রীয়ভাবে বাতিল বলে গন্য হবে এবং গৃহীত দরদাতাকে বিধি মোতাবেক কার্যাদেশ প্রদান করা হবে। কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

| ক্রঃ নং | কাজের নাম | সরকারী মূল্য/কাংখিত মূল্য | সিডিউল মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|
| ০১। | কিশোরগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের পরিত্যক্ত বাসভবন নিলাম। | ৩,২৭,৯৬১/- | ১০০০/- |

<table>
<tr><th colspan="6">নিলাম দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তফসিল</th></tr>
<tr><td rowspan="7"></td><td colspan="4">নিলাম দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তারিখ</td><td>নিলাম দরপত্র দাখিলের সময়</td></tr>
<tr><td colspan="2">১ম বার নিলাম দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ</td><td colspan="2">২য় বার নিলাম দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ</td><td rowspan="3">সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা।</td></tr>
<tr><td>বিক্রয়ের শেষ তারিখ</td><td>দাখিলের তারিখ</td><td>বিক্রয়ের শেষ তারিখ</td><td>দাখিলের তারিখ</td></tr>
<tr><td>২১/০৯/২০২২ইং</td><td>২২/০৯/২০২২ইং</td><td>২৮/০৯/২০২২ইং</td><td>২৯/০৯/২০২২ইং</td></tr>
<tr><td colspan="2">৩য় বার নিলাম দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ</td><td colspan="2">৪র্থ বার নিলাম দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ</td><td rowspan="3">সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা।</td></tr>
<tr><td>বিক্রয়ের শেষ তারিখ</td><td>দাখিলের তারিখ</td><td>বিক্রয়ের শেষ তারিখ</td><td>দাখিলের তারিখ</td></tr>
<tr><td>১২-১০-২০২২ইং</td><td>১৩-১০-২০২২ইং</td><td>১৯-১০-২০২২ইং</td><td>২০-১০-২০২২ইং</td></tr>
</table>

04/09/2022

(মাহমুদুল হাসান)
উপজেলা প্রকৌশলী
কিশোরগঞ্জ, নীলফামারী।
ই-মেইলঃue.kishoreganj@lged.gov.bd

Desktop/forwarding

শর্তাবলী :

০১। দরদাতাকে নিলাম দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ৩০% হারে নিম্নস্বাক্ষরকারী বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদান করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ নিলাম মূল্যের সাথে সমন্বয় করা হবে। অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। নিলাম গ্রহীতা উক্ত পরিত্যক্ত বাসভবনটি অপসারনের সময় জনসাধারণে ক্ষতি সাধন করলে তা ঐ ৫% জামানত হতে পরিশোধ করা হবে/ বাসভবন অপসারনের পর সংশ্লিষ্ট কর্মকর্তাগনের নিকট হতে প্রতিবেদন পাওয়ার পর ৫% জামানত ফেরত প্রদান করা হবে।

০২। অনুমোদিত নিলাম দাতাকে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিলাম চুক্তি মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ নিলাম মূল্যের উপর ৫% আগাম আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) চালান মূলে সোনালী ব্যাংক লিমিটেড, কিশোরগঞ্জ, নীলফামারী শাখায় জমা করতঃ চালানের কপি জমা প্রদান করতে হবে।

০৩। নিলাম মূল্যের সমুদয় অর্থ পরিশোধের পর কার্যাদেশ প্রাপ্তির দিন হতে সমুদয় ভবনটি ৬০ দিনের মধ্যে নির্ধারিত জায়গা হতে অপসারন করতে হবে এবং অপসারন শেষ না হওয়া পর্যন্ত ভবটির যাবতীয় নিরাপত্তা বিধান করতে হবে।

০৪। নিলামে অংশগ্রহনকারীকে ভবনটি পরিদর্শন করে নিলাম দরপত্রে অংশ গ্রহন করতে হবে। পরবর্তিতে ভবন সম্পর্কিত কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবে না। সীলমোহরযুক্ত খামের উপর দরপত্রদাতার নাম ও ঠিকানা, কাজের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৫। পত্র প্রাপ্তির ৩ (তিন) কর্মদিবসের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে নিলাম দরপত্রের সাথে প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৬। কার্যাদেশ প্রাপ্তির পর ভবনটি অপসারন ও পরিবহন কার্যক্রমের ফলে রাস্তা, ব্রিজ, কালভার্ট ও সরকারী/বেসরকারী স্থাপনা ক্ষতিসাধন করা যাবে না।

০৭। নিলামের শর্তাবলী নিলামকারী কর্তৃপক্ষ কোন প্রকার পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই পরিবর্তন করতে পারবেন।

০৮। কর্তৃপক্ষ যে কোন কারন ব্যতিরেকে নিলাম দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০৯/২০২২

(মাহমুদুল হাসান)
উপজেলা প্রকৌশলী
কিশোরগঞ্জ, নীলফামারী।
ই-মেইলঃue.kishoreganj@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, নীলফামারী।
০৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ নীলফামারী।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
০৫। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, -----------------------------------(সকল), নীলফামারী।
০৭। উপজেলা প্রকৌশলী,--------------------------------------------(সকল), নীলফামারী।
০৮। উপজেলা ---------------------------------------------------- কর্মকর্তা, কিশোরগঞ্জ/নীলফামারী।
০৯। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক নীলফামারী বার্তা তাঁহাকে উক্ত নিলাম বিজ্ঞপ্তিটি তাঁহার পত্রিকায় (৫"x ৪ কলাম) আগামী ০৫-০৯-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হইল।
১০। নোটিশ বোর্ড।
১১। দপ্তর নথি।

০৪/০৯/২০২২

(মাহমুদুল হাসান)
উপজেলা প্রকৌশলী
কিশোরগঞ্জ, নীলফামারী।
ই-মেইলঃue.kishoreganj@lged.gov.bd